## এইচপি-র নতুন ইঙ্কজেট প্রিন্টার

আমেরিকার হিউলেট প্যাকার্ড কোম্পানী মার্চ মাসে ৬০০ ডিপিআই মনোক্রম রেজুল্যুশনের ইঙ্কজেট প্রিন্টার বিক্রি শুরু করবে।

কোম্পানীটি নতুন কালার অপটিমাইজেশন প্রযুক্তিও চালু করবে যা তার সব রঙিন প্রিন্টারেই থাকবে।

এইচপি-র LaserJet4-এ ব্যবহৃত রেজুল্যুশন এনহান্সমেন্ট প্রযুক্তি ব্যবহার করে DeskWriter 520 এবং 560C নামে ৬০০X৩০০ ডিপিআই প্রিন্টার বাজারে ছাড়া হবে। এতে নতুন ধরনের প্রিন্ট কার্টিজ থাকবে। প্রতি মিনিটে চার পৃষ্ঠা মুদ্রণ ক্ষমতাযুক্ত এই প্রিন্টারে ৩৫টি ট্রু-টাইপ ফন্ট থাকবে।

এইচপি এই প্রিন্টারগুলোর জন্য ৩ বছরের ওয়ারেন্টি প্রদান করবে বলে জানা গেছে।

DeskWriter 520-এর দাম পড়বে ৪০০ ডলারের কম।

DeskWriter 560C-এর দাম হবে ৭০০ ডলারের কম। এতে Color Smart নামে এইচপির নিজস্ব কালার-অপটিমাইজেশন প্রযুক্তি ব্যবহার করা হবে যা ভবিষ্যতে এইচপির সব কালার প্রিন্টারে ব্যবহৃত হবে। ✪

## আইবিএম-এর নোটবুক পিসিতে টিভি সংযোজন

কমপিউটার বাণিজ্যের জন্যই আইবিএম বিশ্বে এক সুপারিচিত নাম। কিন্তু কোম্পানীটি এর থিংকপ্যাড নোটবুক পিসির জন্য এবারে টিভি টিউনার নামক এক প্রযুক্তিপণ্য বাজারজাত করছে। ফলে এ পিসির মাধ্যমেই টিভি দেখার সুবিধা পাওয়া যাবে। আইবিএম দাবী করছে যে থিংকপ্যাড পূর্বেই বেশ ভাল বিক্রি হত, তবে ১০ইঞ্চি পর্দার টিভির সংযোজনের ফলে এটি গ্রাহকদের কাছে আরো বেশী আকর্ষণীয় হবে। আইবিএম-এর মতে থিংকপ্যাড নোটবুক পিসিকে যখন সুস্থির (static) অবস্থায় ব্যবহার করা হবে তখন ছবির মান বেশ ভাল আসবে কিন্তু চলন্ত অবস্থায় এটি ব্যবহার করলে ছবির মানে সামান্য পরিবর্তন আসবে। বর্তমানে যুক্তরাজ্যে টিভি টিউনার ৪০০ পাউন্ডে বিক্রি হচ্ছে। তবে যথেষ্ট বাজার লাভ করলে এর মূল্য অনেক কমানো সম্ভব হবে বলে আইবিএম অভিমত ব্যক্ত করেছে। ✪

## ম্যাকিনটশ এবং উইণ্ডোজের জন্য এপল-এর ডিজিট্যাল ক্যামেরা

এপল কমপিউটার ইনক QuickTake 100 নামে একটি ডিজিট্যাল রঙিন ক্যামেরা বাজারে ছাড়ছে। মাত্র ৭৪৯ ডলার মূল্যের এই ক্যামেরাটির ওজন ব্যাটারীসহ এক পাউণ্ড।

এটি অত্যন্ত সহজভাবে চালানো যায়। প্রায় স্বয়ংক্রিয়ভাবে তোলা ছবি মুহূর্তের মধ্যেই যে কোন স্ট্যাণ্ডার্ড এপ্লিকেশন সফটওয়্যারে ডাউনলোড করে এগুলোকে ইচ্ছেমত পরিবর্তন (manipulate) করা যায়।

যুগান্তকারী এ পণ্যটি সম্পর্কে বোরল্যাণ্ড ইন্টারন্যাশনালের প্রধান নির্বাহী ফিলিপি কাহ্ন বলেছেন- সবাই এখন দ্রুত এবং উন্নতমানের মাল্টিমিডিয়া ইচ্ছে করলেই তৈরি করতে পারবে। আর এলডাস কর্পোরেশনের প্রেসিডেন্ট পল ব্রেইনার্ড পণ্যটি সম্পর্কে বলেন- "Quick take 100-এর মত একটি ইলেকট্রনিক ক্যামেরার জন্য আমাদের ক্রেতারা গত ৫ বছর ধরে অপেক্ষা করে আসছে।"

QuickTake 100 ক্যামেরাটির মেমরীতে রেজ্যুল্যুশনের উপর নির্ভর করে ৮ থেকে ৩২টি পর্যন্ত ছবি ধারণ করা যায়।

এই ক্যামেরাটি ম্যাকিনটশ ভার্সন পাওয়া যাবে মার্চ মাসের শেষ দিকে। উইণ্ডোজ ভার্সন ছাড়া হবে আগামী জুন মাসে। ✪

## কম্পটনের এনসাইক্লোপেডিয়ার মূল্য হ্রাস

১৯৯৪ সালের কম্পটনের ইন্টারএকটিভ এনসাইক্লোপেডিয়ার দাম ৬২% কমিয়ে খুচরা মূল্য রাখা হয়েছে ১৫০ ডলার। বহুবিধ সুবিধাযুক্ত সিডি-রম-ভিত্তিক এই এনসাইক্লোপেডিয়া ম্যাকিনটশ এবং উইণ্ডোজ পরিবেশের জন্য পাওয়া যায়।

এখন কাগজের এনসাইক্লোপেডিয়ার সমান দামে একটি মাল্টিমিডিয়া কমপিউটার ইলেকট্রনিক এনসাইক্লোপেডিয়াসহ পাওয়া যায়। কম্পটন বিভিন্ন কমপিউটার কোম্পানীর সাথে চুক্তি করছে তার এনসাইক্লোপেডিয়া তাদের কমপিউটারের সাথে সরবরাহের জন্য।

কম্পটন আইবিএম-এর 'Continuos Speech Recognition' প্রযুক্তি তার সিডি-রম এনসাইক্লোপেডিয়াতে ব্যবহারের জন্য আইবিএম-এর সাথে একটি চুক্তি করেছে। এর ফলে প্রয়োজনীয় হার্ডওয়্যার ব্যবহার করে ব্যবহারকারীগণ তাদের এনসাইক্লোপেডিয়ার সাথে 'কথা' বলতে পারবে। ✪

সূত্র: আনন্দপত্র বাংলা সংবাদ আবাস


**কমপিউটার জগৎ আপনার হাতের মুঠোয় থাকলে কমপিউটারের সমগ্র জগতটাকে আপনি জানতে পারবেন।**


# OCTEK AVGA-20H

# VIDEOCARD

**Cirrus Logic CL-GD 5420 Chipset**

(1MB DRAM FOR STANDARD & EXTENDED VGA MODES)




## Make Your Windows Fly

With your normal VideoCards with 512 KB Video RAM:

- YOU CAN'T GET REAL PERFORMANCE OF WINDOWS 3.1 OR WINDOWS NT
- NEITHER CAN ACHIEVE SVGA (1024 X768) RESOLUTION
- NOR real 256 COLORS

Just install OCTEK AVGA-20H in to your computer & make your Windows fly.

**1.OCTEK AVGA-20H** **Tk.5,000**

Brand New Card with 3 Year Warranty
High Resolution Drivers Available

**2.OCTEK AVGA-20H** **Tk.3,500**

Brand New Card with 3 Year Warranty

**In Exchange of**

your existing VideoCard with 512 KB Video RAM

## Reconditioned Video Cards

Cards Received in -exchange & Reconditioned **with 1Year Warranty**

1.Reconditioned Cards with 512 KB Video RAM **Tk.1,500**

Computer Shop

**The Computer Shop Ltd.**
52 Bijoy Nagar
Dhaka -1000 Bangladesh
Phone : 412226, 415753
Fax : 880-2-835201

## এপল-এর রঙিন StyleWriter Pro

আমেরিকার এপল কমপিউটার ইন্‌ক মার্চ মাসের শেষ নাগাদ StyleWriter Pro নামে ৩৬০ ডিপিআই-এর একটি রঙিন ইঙ্কজেট প্রিন্টার বাজারে ছাড়ছে।

ছোট অফিস বা গৃহকোণের অফিসে ব্যবহারোপযোগী রঙিন এই প্রিন্টারটিতে স্ট্যান্ডার্ড ৩০০ ডিপিআই-এর চেয়ে ৪৪% বেশি রেজ্যুলুশন পাওয়া যাবে। ফলে সূক্ষ্ম টেক্সট এবং মনমাতানো রং পাওয়া যাবে। এতে মনিটরে ব্যবহারকারী যে রং দেখবে মুদ্রণে তা-ই পাওয়া যাবে।

এর ভিন্ন ভিন্ন রংয়ের কার্টিজগুলো আলাদা আলাদাভাবে থাকে। ফলে যে কোন রংয়ের কার্টিজ শেষ হয়ে গেলে কেবলমাত্র সেটি বদলিয়ে নিলেই চলে। আগে সব রং একটি কার্টিজে থাকতো ফলে একটি রং শেষ হলে সমস্তই বদলিয়ে ফেলতে হত। তাই খরচও বেশি পড়তো। এখন প্রতি পৃষ্ঠায় আগের চেয়ে অর্ধেক খরচ লাগে।

মাত্র ১১ পাউণ্ড ওজনের এই মেশিনটিতে রয়েছে ৬৪টি ট্রুটাইপ ফন্ট এবং কালারশেয়ার সফটওয়্যার ব্যবহার করে পাশওয়ার্ড রক্ষাকবচ এবং প্রিন্টার শেয়ারিং-এর ব্যবস্থা। দাম মাত্র ৬২৯ ডলার। ✪

সূত্র: আনন্দপত্র বাংলা সংবাদ আবাস

## Epson LQ-150 প্রিন্টার রঙিন মুদ্রণে সক্ষম

এপসন সিঙ্গাপুর এমন একটি পারসোনাল ডট ম্যাট্রিক্স প্রিন্টার ছেড়েছে যাতে একটি অপশনাল কালার কিট ব্যবহার করে ৭ রঙ মুদ্রণে সক্ষম মডেলে উন্নীত করা যায়।

এই LQ-150 প্রিন্টারটি ১৫ সিপিআই (ক্যারেক্টার পার ইঞ্চি) ড্রাফট মোডে প্রতি সেকেণ্ডে ২৭০ ক্যারেক্টার মুদ্রণ করতে পারে। এতে ৫০ শীট কাগজ ধারণক্ষম একটি স্বয়ংক্রিয় শীট ফীডার রয়েছে। প্রিন্টারটিতে চারটি স্কেলেবল ফন্ট রয়েছে। ✪

## নতুন স্ক্যানিং সিস্টেম

ক্যালিফোর্নিয়ার Viononeer Communications নামক একটি প্রতিষ্ঠান একটি সস্তা, সহজ, ছোট্ট এবং চমৎকার একটি স্ক্যানিং সিস্টেম বাজারে ছেড়েছে। হার্ডওয়্যার এবং সফটওয়্যারসহ এটির দাম মাত্র ৪৯৯ ডলার। নতুন ধরণের এই ফ্ল্যাটবেড স্ক্যানারটি ব্যবহার করা অত্যন্ত সহজ। মাত্র ১.১ কেজি ওজনের এই স্ক্যানারটি সব রকমের কাগজ গ্রহণ করতে পারে। ✪



ডকিং স্টেশনসহ আইবিএম-এর নোটবুক ThinkPad 750. এটিই প্রথম নোটবুক যা বহুবিধ ফীচারসহ পরিপূর্ণ অডিও ক্ষমতাযুক্ত। এতে স্পীকার এবং অপশনাল সিডি-রমসহ রাখার একটি আধার রয়েছে। 750P মডেলে একটি পরিবর্তনযোগ্য স্ক্রীণের সাহায্যে পেন বা কী-বোর্ড মারফত ইনপুট দেয়া যায়। থিঙ্কপ্যাডের ওজন মাত্র ২.৫ থেকে ৩ কেজি এবং এর ব্যাটারী চলে ৮ থেকে ১২ ঘণ্টা। এগুলোতে ৩ বছরের আন্তর্জাতিক ওয়ারেন্টি দেয়া হয়।

## বর্ণ ও বর্ণনার প্রদর্শনী

গত ৮ ফেব্রুয়ারী চট্টগ্রামের আগ্রাবাদস্থ পিসি ওয়ার্ল্ড কমপিউটার ট্রেনিং সেন্টারে বাংলা ওয়ার্ড প্রসেসর বর্ণ এবং বাংলা ফন্ট ও কী বোর্ড ড্রাইভার বর্ণনার উপর এক প্রদর্শনীর আয়োজন করে ঢাকার সেইফওয়ার্ক্স। 'বর্ণ ও বর্ণনার ডেমোনেস্ট্রেশন' শীর্ষক এ প্রদর্শনীর উদ্বোধন করেন পিসি ওয়ার্ল্ডের ব্যবস্থাপনা পরিচালক এম, আর মজুমদার। বর্ণ, বর্ণনা এবং বাংলা বানান পরীক্ষক পদ্ধতি সম্পর্কে এ প্রদর্শনীতে আলোচনা করেন সেইফওয়ার্ক্সের পরিচালক মাহবুব আলম। তিনি দর্শকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন। চট্টগ্রামস্থ বিভিন্ন কমপিউটার প্রতিষ্ঠানের কর্মকর্তাসহ প্রচুর সংখ্যক দর্শক ও কমপিউটার শিক্ষার্থী এ প্রদর্শনীতে উপস্থিত ছিলেন। ✪

## ক্লাসিক কমপিউটারের নতুন অফিস উদ্বোধন

গত ৮ ফেব্রুয়ারী চট্টগ্রামের কমপিউটার প্রশিক্ষণ প্রতিষ্ঠান ক্লাসিক কমপিউটারের নতুন অফিস উদ্বোধন করা হয়। এ অফিসের অবস্থান শহরের কেন্দ্রস্থল কোতোয়ালী মোড়ে। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ক্লাসিক কমপিউটারের ব্যবস্থাপক পরিচালক জনাব তপন কুমার পাল। উদ্বোধনী অনুষ্ঠানে অনেক গণ্যমান্য ব্যক্তি এবং কমপিউটার বিশেষজ্ঞরা বক্তব্য রাখেন। বক্তারা সর্বস্তরে দ্রুত কমপিউটারায়নের সরকারী পৃষ্ঠপোষকতার জোর দাবী জানান। অফিস উদ্বোধন উপলক্ষে ৩জন মেধাবী গরীব ছাত্রকে বিনামূল্যে কমপিউটার প্রশিক্ষণের সুযোগ দেয়া হয়। ✪

## ঢাকায় APC-র একাধিক বিক্রেতা!

সর্বশেষ খবর অনুযায়ী বাংলাদেশে American Power Conversion একাধিক ডিলার নিয়োগ করেছে। ঢাকায় এই ইউপিএসটির যথেষ্ট চাহিদা থাকায় APC'র পক্ষ থেকে কমপক্ষে ৪/৫ জনকে ডিলারশীপ দেয়া হয়েছে বলে জানা গেছে।

উল্লেখ্য যে, APC'র একমাত্র ডিলার হিসেবে এতদিন ঢাকায় একটিমাত্র কোম্পানী এই ব্রান্ডের ইউপিএস বিক্রি করতো। ✪




জনাব মোহাম্মদ এ. ওয়াহাব, ডাইরেক্টর, ডলফিন কমপিউটার্স লিঃ সম্প্রতি সিঙ্গাপুরে অনুষ্ঠিত "Acer Product and Marketing Workshop"-এ অংশগ্রহণ করেন। ছবিতে জনাব ওয়াহাবকে Acer Computer South Asia (Pte) Ltd.-এর ম্যানেজিং ডাইরেক্টর মিঃ ইয়র্ক চেন-এর সাথে দেখা যাচ্ছে। ✪

## কমপিউটার পণ্যের চুরি প্রতিরোধে নতুন পদ্ধতি

(ইংল্যান্ড প্রতিনিধি)

তৈরি করার সময়ই পিসিতে একটি অতি ক্ষুদ্রাকৃতির চৌম্বকীয় ট্যাগ গ্রথিত করে দিতে পারলে এর চুরি রোধ করা সম্ভব। এতে খরচ পড়বে এক পেনিরও কম।

নুতন এই পদ্ধতির উদ্ভাবক হচ্ছে ইংল্যান্ডের সেন্টার ফর দি এক্সপ্লয়টেশন অফ সায়েন্স এন্ড টেকনোলজি। প্রতিষ্ঠানটি চাচ্ছে তাদের এই পদ্ধতি আন্তর্জাতিক স্ট্যান্ডার্ড হিসেবে গ্রহণ করা হোক।

উল্লেখ্য, প্রতি বছর সারা বিশ্বে শত শত কোটি টাকার কমপিউটার পণ্য চুরি হয়। কেবলমাত্র ইংল্যাণ্ডেই এই চুরির মাত্রা প্রায় ১০ কোটি পাউন্ড স্টার্লিং। চেনার কোন চিহ্ন থাকে না বলে একবার চুরি হয়ে গেলে এ সমস্ত পণ্যের হদিস পাওয়া খুবই দুষ্কর। ✪

## দেশে ১৫৬টি কলেজে কমপিউটার প্রযুক্তি চালু হচ্ছে

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের একটি প্রকল্পের আওতায় দেশে ১৫৬টি কলেজে কমপিউটার প্রযুক্তি চালু হতে যাচ্ছে। এ উপলক্ষে মার্চ মাস থেকে বগুড়ায় অবস্থিত জাতীয় বহুভাষী সাটলিপি প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নট্রামস)-এর কমপিউটার বিভাগে কলেজ শিক্ষকদের তিন মাসব্যাপী প্রশিক্ষণ কোর্স শুরু হচ্ছে। দেশের ৮০টি ডিগ্রী কলেজ এবং ৭৬টি ইন্টারমিডিয়েট কলেজের অর্থনীতি ও পদার্থবিদ্যা বিভাগের শিক্ষকগণ এই প্রশিক্ষণ নিবেন। এর আয়োজনে থাকবে বগুড়ার নট্রামস। নট্রামসের ৩০টি কমপিউটার এই প্রশিক্ষণের কাজে ব্যবহার করা হবে। প্রশিক্ষণ দিবেন আট জন প্রশিক্ষক। ✪

## ব্রাহ্মণবাড়ীয়ায় কমপিউটার টাচ-এ ডিটিপি বিভাগের উদ্বোধন

সোনালী ব্যাংকের ঋণ প্রকল্পের আর্থিক সহায়তায় ব্রাহ্মণবাড়ীয় কমপিউটার টাচ১-এ ডিটিপি বিভাগ চালু করা হয়। গত ১১ই ফেব্রুয়ারী উক্ত বিভাগের শুভ উদ্বোধন করেন ব্রাহ্মণবাড়ীয়া জেলার সোনালী ব্যাংকের এজিএম মোঃ এনামুল ইসলাম খান। উক্ত অনুষ্ঠানে কমপিউটার টাচ এর পরিচালক এস, এম, আজম স্বাগত বক্তব্যে সকলের সহযোগিতা কামনা করেন। ✪

## COMPUTER FAIR -এর প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠিত

গত ১১ই ফেব্রুয়ারী '৯৪ COMPUTER FAIR এর আগ্রাবাদস্থ কার্যালয়ে প্রথম প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে কোম্পানীটি দুই সপ্তাহব্যাপী বিনা মূল্যে কমপিউটার কোর্স ও একমাসব্যাপী বর্ষপূর্তি ছাড়ের ঘোষণা দেয়।

উল্লেখ্য যে, COMPUTER FAIR প্রশিক্ষণ ছাড়াও এক বছর যাবৎ MULTILINK INTL. CO, LTD-এর চট্টগ্রাম প্রতিনিধি হিসেবে কাজ করছে। ✪

## ইউরোপে আইবিএম-এর এমব্রা বিক্রি বন্ধ

(যুক্তরাজ্য প্রতিনিধি)

ক্লোন পিসিকে বাজারে কোনঠাসা করার জন্য আইবিএম ইউরোপে ১৯৯২ জুন মাস থেকে কমদামের যে এমব্রা লাইন চালু করেছিল তা বন্ধ করে দিয়েছে। তবে কোম্পানীটি কানাডা এবং আমেরিকায় এমব্রা বিক্রি চালিয়ে যাবে।

উইলিয়াম ই. ম্যাকক্র্যাকেন, আইবিএম-এর ইউরোপ এবং এশিয়ার পিসি ব্যবসায়ের প্রধানের মতে আইবিএম-এর নিজের ব্র্যাণ্ড পিসির দাম এত কমেছে যে এখন তাদের সাথে এমব্রার তেমন একটা পার্থক্য নেই।

একটি এমব্রা পিসি তৈরি করতে আগে আইবিএম-এর যে কোন পিসির চেয়ে খরচ ৪০% কম পড়তো, এখন এই পার্থক্য মাত্র ১০%। দামের এই অল্প পার্থক্য থাকায় ক্রেতারা আইবিএম ব্র্যাণ্ড নামেই আকৃষ্ট হয় বেশি। ✪

## আইবিএম- এর পিসির দাম কমেছে

(আমেরিকা প্রতিনিধি)

আইবিএম-এর আইবিএম পিসি কোম্পানী ইউনিট সর্বশেষ মডেলের Value Point ডেস্কটপ পিসির দাম ১৯% পর্যন্ত কমিয়েছে।


ব্যবসায়ীদের জন্য তৈরি পেন্টিয়ামভিত্তিক এই পিসিগুলোর মূল্য হ্রাস অন্যান্য প্রতিযোগী– বিশেষ করে ইন্টেলের সাম্প্রতিক মূল্য হ্রাসের জন্য আইবিএম-এর পদক্ষেপ।

ইন্টেল সম্প্রতি তার পেন্টিয়াম চিপের দাম ১৪% কমিয়েছে। আইবিএম-এর পেন্টিয়াম ডেস্কটপ আগে যার দাম ছিল ৪,৭০০ ডলার এখন তা বিক্রি হবে ৪,১৪৯ ডলারে, আর ৫১৮০ ডলারেরটির দাম হবে ৪,১৯৯ ডলার। ✪

## তাৎক্ষণিকভাবে উন্নীত করার মত Acer-এর 486 মেশিন

এসার 486 মেশিনের একটি নতুন সিরিজ জনপ্রিয় করার প্রচেষ্টা চালাচ্ছে। এই মেশিনগুলোকে সহজেই দ্বৈত-পেন্টিয়াম ক্ষমতায় উন্নীত করা যায়।

Acer Altos 7000 নামের এই সিরিজটির 486SX-25 মাদারবোর্ড না বদলিয়ে সহজেই দ্বৈত-পেন্টিয়াম প্রসেসিংয়ে পরিবর্তন করা যায়। পেন্টিয়াম মাদারবোর্ডে পেন্টিয়াম চিপ এবং কেবলমাত্র একটি ৩২বিট বাস থাকে। Altos 7000 মেশিনে এসারের চিপ-আপ প্রযুক্তি ব্যবহার করা হয়। এর ফ্রেমপাথে একটি স্বয়ংক্রিয় সেনসর থাকে যা 486 প্রসেসর বদলিয়ে পেন্টিয়াম চিপ বসানো হলে



এসারের Altos 7000

উচ্চতর ব্যাণ্ড-উইড্থের প্রয়োজনীয়তা স্বয়ংক্রিয়ভাবে নির্ধারণ করে।

একজন ব্যবহারকারী মাদারবোর্ড থেকে 486 চিপটি সরিয়ে তার জায়গায় পেন্টিয়াম চিপ বসিয়ে সহজেই এই পদ্ধতির সুফল ভোগ করতে পারেন। ✪



বাংলাদেশ থেকে আমেরিকায় ডাটা এন্ট্রি সার্ভিস ক্রয়ের জন্য সম্প্রতি যুক্তরাষ্ট্রের ট্রান্সক্রিপশন ইন্টারন্যাশনাল কোম্পানীর সাথে ঢাকার সাইটেক কোম্পানীর বাৎসরিক প্রায় ৪ কোটি টাকার একটি ক্রয় অভিপ্রায় জ্ঞাপনের দলিল স্বাক্ষরিত হয়। চুক্তিপত্রে স্বাক্ষর করেন ট্রান্সক্রিপশনের প্রধান ডোনাল্ড এল, কোনোভার এবং সাইটেকের ব্যবস্থাপনা পরিচালক গোলাম মহিউদ্দিন। ছবিতে মিঃ কোনোভার (বাঁ দিকে) এবং জনাব মহিউদ্দিনকে দলিল হস্তান্তর করতে দেখা যাচ্ছে।

## স্বাগতম ETC

তাইওয়ানের কমপিউটার জনপ্রিয় ETC-এর নির্মাতা প্রতিষ্ঠান EXCEL TECHNOLOGY CORPORATION, TAIWAN (ETC) তাদের প্রস্তুতকৃত কমপিউটার বাংলাদেশে বিক্রয় ও সেবা প্রদানের জন্য ইন্টারন্যাশনাল অফিস মেশিনস্ লিঃ কে একমাত্র পরিবেশক নিয়োগ করেছে।

এখন থেকে এদেশে ইন্টারন্যাশনাল অফিস মেশিনস্ লিঃ ETC ব্রান্ডের কমপিউটার বিক্রি করবে বলে সংস্থার একজন কর্মকর্তা জনাব ফিরোজ কমপিউটার জগৎ-কে জানিয়েছেন।

দীর্ঘদিন ধরে জাপানের তোশিবা ফটোকপিয়ার ও কমপিউটারের সফল বিক্রেতা ইন্টারন্যাশনাল অফিস মেশিনস্ লিঃ এর সুনাম রয়েছে সমগ্র দেশব্যাপী।

এদেশের কমপিউটার ক্রেতা/ব্যবহারকারীরা সাগ্রহে অপেক্ষা করছে ETC ব্রান্ডের কমপিউটারের জন্য। জানা গেছে ETC প্রতিযোগিতামূলক দামে এখানে বাজারজাত করা হবে। কমপিউটার জগৎ ETC কে সু-স্বাগত জানাচ্ছে। ✪

## ভাইরাসের অবস্থান

বিশ্বে কমপিউটার ভাইরাসের সংখ্যা অগণিত কিন্তু পরিচিত এবং শক্তিশালী ভাইরাসের সংখ্যা হাতে গোনা। নীচে কোন ভাইরাস কত শক্তিশালী এবং এর বিস্তার কেমন তার একটি তালিকা দেয়া হলো।

| | |
|---|---|
| স্টোনড স্টান্ডার্ড | ৫১% |
| স্টোন বি | ৪০% |
| মাইকেলএ্যাঞ্জেলো | ৩৫% |
| জেরুজালেম | ৩৩% |
| ব্রেইন | ২৩% |
| পিং-পং-বি | ২১% |
| আভ্রুসা | ১৫% |
| জেরুজালেম svriv 3 | ১৫% |
| ফর্ম | ১৪% |
| কিপ্রেস 1232-A | ১৩% |

## কম্প্যাক ব্যবহার করবে এএমডি প্রসেসর

২৬ জানুয়ারী টেক্সাসে কম্প্যাক কমপিউটার ঘোষণা করেছে যে, তারা ইন্টেলের প্রসেসর চিপ ছাড়াও এডভান্সড মাইক্রো ডিভাইস (এএমডি) কোম্পানীর প্রসেসর ব্যবহার করবে।

ইন্টেলের সাথে এএমডির মামলার কারণে অন্যান্য প্রধান পিসি নির্মাতারা এএমডি থেকে দূরে রয়েছে। এএমডি দাবী করেছে যে ইন্টেলের X86 গোত্রের চিপের অনুকরণে চিপ প্রস্তুত করার অধিকার রয়েছে। উল্লেখ্য যে, বর্তমানে বিশ্বের ৮৫% পিসিতে X86 গোত্রের মাইক্রোপ্রসেসর ব্যবহৃত হয়ে থাকে।